দৈনিক ইনকিলাব

তারিখ 10 JAN 1988 পৃষ্ঠা ৮ কলাম ১

008

# নওগাঁতে বালিকা বিদ্যালয় চত্বরের পাশে সিনেমা হল নির্মাণের চক্রান্ত চলছে

নওগাঁ, ৯ জানুয়ারী (সংবাদদাতা)।—নওগাঁ জেলার রানীনগর উপজেলা সদরে বালিকা বিদ্যালয় চত্বরের পাশে সিনেমা হল নির্মাণের হীন চক্রান্তের প্রতিবাদে উপজেলা প্রশাসনের কাছে আবেদন জানিয়েও আপামর জনসাধারণ কোন প্রতিকার পায়নি।

জানা গেছে, রাণীনগরের জনৈক প্রভাবশালী ব্যবসায়ী সদর উপজেলা উচ্চ বালিকা বিদ্যালয় সংলগ্ন আবাসিক এলালকায় একটি সিনেমা হল নির্মাণের আবেদন জানিয়ে উপজেলা প্রশাসনসহ সকল উর্ধ্বতন মহলে জোর তদবির এবং এর অনুমোদনের চেষ্টা চালান।

স্থানীয় আবাসিক এলাকাবাসী এবং বালিকা বিদ্যালয় কর্তৃপক্ষ বিষয়টি জানতে পারলে সংশ্লিষ্ট প্রশাসনের কাছে সিনেমা হল নির্মাণের প্রতিবাদ করে একটি আবেদন পেশ করেন। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, এই আবাসিক এলাকা এবং বালিকা বিদ্যালয় সংলগ্ন স্থানে একটি কেন্দ্রীয় জামে মসজিদ ছাড়াও উপজেলা রাজস্ব অফিস, কৃষি ব্যাংক, একটি হাই স্কুল ও কলেজ রয়েছে।

রাণীনগর কেন্দ্রীয় জামে মসজিদের সম্পাদক ও সাবেক শ্রমিক নেতা এবং বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক, রাণীনগর সদর উপজেলার আপামর জনসাধারণ, রাজনৈতিক নেতৃবৃন্দ স্বাক্ষরযুক্ত একটি প্রতিবাদলিপি নওগাঁ জেলা প্রশাসক বরাবর প্রেরণ করলে উপজেলা প্রশাসনের কাছে বিষয়টি তদন্তের নির্দেশ আসে।

উপজেলা প্রশাসন গত ১২ ডিসেম্বর বিষয়টি সরেজমিনে তদন্তের জন্য দিন নির্ধারণ করে উপজেলার সর্বস্তরের জনসাধারণকে উপস্থিত থাকার নির্দেশ প্রদান করেন। এদিনে বালিকা বিদ্যালয় এবং কেন্দ্রীয় জামে মসজিদ চত্বরের পাশে সিনেমা হল নির্মাণের প্রতিবাদকারী শ' শ' ব্যক্তি উপস্থিত হলেও অজ্ঞাত কারণে সংশ্লিষ্ট প্রশাসন কর্তৃপক্ষের কোন তদন্ত বা জনমত যাচাই অনুষ্ঠিত হয়নি বরং এ ব্যাপারে পরে সিদ্ধান্ত ও তদন্ত করা হবে বলে সংশ্লিষ্ট প্রশাসন নোটিস জারি করে জানিয়ে দেন বলে স্থানীয় জনগণ অভিযোগ করেন। এ সময় উপস্থিত জনসাধারণ তীব্র ক্ষোভ প্রকাশ করে ফিরে যায়।

জানা গেছে, সিনেমা হল নির্মাণের ষড়যন্ত্রকারী ব্যক্তিরা তাদের হীন চক্রান্তে আবার মেতে উঠেছে এবং উপজেলার একমাত্র নারী শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ও ধ্বংসের পায়তারায় সংঘবদ্ধ হয়ে জোর তদবির শুরু করেছে।